



বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

জাতীয় কার্যালয়, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

ই-মেইল : bgguidesho@gmail.com

ফোন : ৪১০৩১৪৩৫, ৪১০৩১৪৩১

পত্র নং- গাগা/প্রকা/প্রশা/ ২০২৪-১০৮(১০)

তারিখ : ০৭/০২/২০২৪

প্রেস রিলিজ

বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস্ সংস্থার এশিয়া প্যাসিফিক রিজিওনের 'Leadership for Implementing Awareness Program on screening of Brest and Cervical Cancer Project' (3L) এর আওতায় বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন জাতীয় কার্যালয়ের উদ্যোগে ৭ ফেব্রুয়ারি, ২০২৪ বেইলী রোড, গাইড হাউজ, প্রশিক্ষণ কক্ষে ব্রেস্ট এন্ড সারভাইক্যাল ক্যান্সার সচেতনতা বিষয়ে প্রশিক্ষণ (ট্রেইনিং অফ ট্রেইনার) অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের উদ্বোধন করেন কাজী জেবুল্লাহা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন ও গ্রোড-১ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন) সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম) প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, রেঞ্জার কমিশনার, অধ্যাপক শামীম আরা, প্রাক্তন প্রশিক্ষণ কমিশনার, সাহেদা হোসেন চৌধুরী, প্রকল্প কমিশনার, সাব্বানা রশিদ। প্রশিক্ষণের বিষয়বস্তু ছিল, জরায়ুর মুখে ক্যান্সারের কারণ, ঝুঁকি মোকাবিলা ও প্রতিকার, ব্রেস্ট ক্যান্সারের কারণ, উপসর্গ চিহ্নিতকরণ, প্রতিকারের উপায় ও সেক্ষ জ্বিনিং। জরায়ুর মুখে ক্যান্সারের কারণ, ঝুঁকি মোকাবিলা ও প্রতিকার বিষয়ে রিসোর্স পার্সন হিসেবে বিস্তারিত তুলে ধরেন এসোসিয়েশনের চিকিৎসাবিদ সদস্য ডাঃ তানিয়া রহমান মিতুল, স্ত্রীরোগ ও প্রসূতিবিদ্যা বিশেষজ্ঞ। ব্রেস্ট ক্যান্সারের কারণ, উপসর্গ চিহ্নিতকরণ, প্রতিকারের উপায় ও সেক্ষ জ্বিনিং বিষয়ে বিস্তারিত তুলে ধরেন ডাঃ মৌসুমী মল্লিকা, সহকারী রেজিষ্ট্রার, (অনকোলজিস্ট) জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা।

দিন ব্যাপী অনুষ্ঠিত প্রশিক্ষণে গার্ল গাইডস্ এর ১০ অঞ্চলের প্রতি অঞ্চল হতে ট্রেইনার, জেলা কমিশনার, ট্রেজারার, রেঞ্জার সহ ৪ জন করে ১০ অঞ্চলের ৪০ জন অংশগ্রহণ করেন। যুগোপযোগী এই প্রশিক্ষণ গ্রহণ করে প্রশিক্ষণপ্রাপ্তরা নিজ নিজ অঞ্চলে গিয়ে আরো ৪০ জন করে মোট ৪০০ জন গাইড সদস্যকে প্রশিক্ষণ। এছাড়া আগামীকাল ৮ ফেব্রুয়ারি মহাখালীস্থ জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতালে স্তন ও জরায়ুর মুখের জ্বিনিং প্রোগ্রাম পরিদর্শন করা হবে।





সাবিনা বেগম
জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন